দৈনিক ইত্তেফাক

FEB. 02 2002

তারিখ ...............
পৃষ্ঠা ৭ কলাম ৭

# নীলফামারীতে কিন্ডার গার্টেনের নামে জমজমাট ব্যবসা

নীলফামারী সংবাদদাতা ।। জেলার ৬টি উপজেলায় উন্নতমানের প্রাথমিক শিক্ষা দেয়ার নামে 'কিণ্ডার গার্টেন' ও 'নার্সারী' স্কুলের জমজমাট ব্যবসা খুলে অভিভাবকদের প্রতারণা করা হচ্ছে। জেলার ৬টি উপজেলায় ৪৭২টি সরকারী, ৪৩৮টি রেজি:, ৩৮৭টি রেজি: বিহীন, ২৬টি কমিউনিটি ও ৪৬টি স্যাটেলাইট প্রাথমিক বিদ্যালয় ছাড়াও ব্র্যাক, প্রশিকা, আশা প্রভৃতি বেসরকারী সংস্থার প্রাথমিক বিদ্যালয় রয়েছে। উপরোক্ত প্রাথমিক বিদ্যালয়সমূহে সুষ্ঠু পড়াশুনা না হবার সুযোগে জেলার সদর উপজেলায় ১২টি, ডোমারে ৫টি, ডিমলায় ১০টি, জলঢাকায় ২টি, কিশোরীগঞ্জে ১টি ও সৈয়দপুরে ১৯টিসহ মোট ৪৯টি কিণ্ডার গার্টেন ও নার্সারী স্কুল প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষার পরিবেশ, শিক্ষা উপকরণ এবং যোগ্য শিক্ষকের অভাব থাকা সত্ত্বেও অভিভাবকরা সন্তানদের ভবিষ্যৎ মঙ্গল কামনায় প্রতি মাসে মোটা অংকের অর্থ ব্যয় করছেন। এসব স্কুলের গণ্ডি পার হবার পর ফলাফল শূন্য দেখে অভিভাবকরা চরমভাবে হতাশ হয়ে পড়ছেন। জেলা প্রাথমিক শিক্ষা দপ্তরের জনৈক কর্মকর্তা জানান এক শ্রেণীর বেকার যুবক চাকরির কোন সংস্থান করতে ব্যর্থ হওয়ার পর এ ধরনের প্রতিষ্ঠানের জন্ম দিয়ে খেয়াল খুশিমতো পরিচালনা করছেন। কিণ্ডার গার্টেন ও নার্সারী বিদ্যালয়ে পড়াবার মতো শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা তাদের নেই বলে জানা গেছে। সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহের শিক্ষকরা ২/৩টি পেশার সাথে জড়িত থাকায় কোন দায়িত্বই সঠিকভাবে পালন করতে পারছে না মর্মেও অভিযোগ রয়েছে।